গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০১.১৫-১৮৪৪

তারিখ: ০৪ পৌষ ১৪৩০
১৯ ডিসেম্বর ২০২৩

বিষয়: বগুড়া পৌরসভার সাবেক সার্ভেয়ার (বর্তমানে উপ-সহকারী প্রকৌশলী, গুরুদাসপুর পৌরসভা, নাটোর) জনাব মোঃ নুরুন্নবী শামিম এর বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের আবেদন।

সূত্রঃ জনাব মোঃ মনির হোসেন, বকসি বাজার, বগুড়া এর আবেদন; তারিখ: ২৬/০৭/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনে বগুড়া পৌরসভার সাবেক সার্ভেয়ার (বর্তমানে উপ-সহকারী প্রকৌশলী, গুরুদাসপুর পৌরসভা, নাটোর) জনাব মোঃ নুরুন্নবী শামিম উক্ত পৌরসভায় কর্মরত থাকাকালে নিম্নোক্ত অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে ৫০ কোটি টাকার সম্পদ অর্জন করেছেন মর্মে অভিযোগ দাখিল করা হয়েছেঃ (কপি সংযুক্ত)

ক. ভূয়া প্রকল্প দেখিয়ে মাসে প্রায় ২০ লক্ষ টাকা আয়;
খ. ভূয়া যানবাহন মেরামত ও তেলের বিল বাবদ আয়;
গ. ভূয়া ডিপিএম কোটেশন ও নক্সা পরিদর্শন এর সাইড দেখার নামে প্রত্যেকের কাছ থেকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উৎকোচ গ্রহণসহ আরও বিভিন্ন অভিযোগ;

২। এমতাবস্থায়, আবেদনে উল্লিখিত অভিযোগসমূহ সরেজমিন তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

21/12/2023

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

উপ-পরিচালক
স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বগুড়া

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৬. জনাব মোঃ মনির হোসেন, বকসি বাজার, বগুড়া

বরাবর,
সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ গুরুদাসপুর পৌরসভার উপসহকারী প্রকৌশলী (সিভিল) সাবেক বগুড়া পৌরসভার সার্ভেয়ার মোঃ নুরুন্নবী শামিম এর বগুড়া পৌরসভায় থাকাকালীন অনিয়ম দূর্নীতি ও আত্নসাৎ ৬০ কোটি টাকা অবৈধ সম্পদ অর্জনের বিষয়ে অবহিত করন ও আইনগত ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।**

**সুত্র ঃ স্বারক নং দুদক/সজেকা/বগুড়া/৯৬৩ তাং-২২/০৯/২০২০ ইং**

জনাব,

উপযুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোঃ নুরুন্নবী শামিম উপসহকারী প্রকৌশলী (সিভিল) গুরুদাসপুর পৌরসভা নাটোর ও সাবেক সার্ভেয়ার বগুড়া পৌরসভা বগুড়া। সে বগুড়া পৌরসভায় ১৭ বছর যাবৎ কর্মরত ছিল। ২০২২ সালে সে উপসহকারী প্রকৌশলী (সিভিল) পদে পদোন্নতি লাভ করে গুরুদাসপুর পৌরসভায় পদায়িত হয়। তার মামা শশুর এ্যাডঃ এ কে এম মাহবুবর রহমান বগুড়া পৌরসভার সাবেক মেয়র তথা বিএনপির মেয়র (২০০৪-২০২১) মামা শশুর ও ভাগ্নি জামাই মিলে একত্রে বর্নিত সময়ে বগুড়া পৌরসভায় দূর্নীতি অর্থ আত্নসাৎ ও অবৈধ সম্পদ অর্জনের মহাউৎসব করতো। নিম্নে নুরুন্নবী শামিমের অনিয়ম দূর্নীতি ৬০ কোটি টাকা অবৈধ সম্পদ

**তথ্য ও আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য পদত্ত হইলোঃ**

১। বগুড়া শহরের জেলা পরিষদের পিছনে ১৫ শতক জমির উপর ১০ তলা এপাটমেন্ট জমিসহ মূল্য ১০ কোটি টাকা।
২। বগুড়া জলেশ্বরীতলায় ২ টি ফ্লাট মূল্য ১ কোটি টাকা।
৩। বকশী বাজার লেন মালতিনগরে শ্বেত পাথরের ডুপ্লেক্স বাড়ী মূল্য ২ কোটি টাকা।
৪। গ্রামের বাড়ী আর ডি এ শেরপুর বগুড়া এর পিছনে ২০ বিঘা জমি ক্রয় মূল্য ৫ কোটি টাকা।
৫। নারচী নয়ারহাট শাহজাহানপুর বগুড়ায় বাগান বাড়ী মূল্য ৪ কোটি টাকা।
৬। ২ টি জিপ গাড়ী ও ২ টি হোন্ডা মূল্য ১ কোটি টাকা।
৭। বগুড়া নিউ মার্কেটে ২ টি কাপড়ের দোকান মূল্য ২ কোটি টাকা, দোকান সে ভাড়া দিয়েছে।
৮। ৪ টি মিনিবাস বগুড়া টু পাবনা রোডে চলে মূল্য ২ কোটি টাকা।
৯। স্ত্রীর নামে স্বর্নালঙ্কার মূল্য ৫০ লক্ষ টাকা।
১০। ব্যাংক ব্যালেন্স এফডিআর ৫ কোটি টাকা।
১১। বগুড়া শহর ও উপশহরে প্রায় ১০০ বিঘা জমি ক্রয়, যার মূল্য প্রায় ২৫ কোটি টাকা।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং ঃ.................
তারিখঃ ৩১/৮/২৩
স্বাক্ষর

এই দূর্নীতিবাজ সাবেক সার্ভেয়ার বগুড়া পৌরসভার বিভিন্ন ভুয়া প্রকল্প দেখিয়ে মাসে প্রায় ২০ লক্ষ টাকা অবৈধভাবে উপার্জন করত, ভুয়া যানবহন মেরামত, ভুয়া যানবহনের তেলের বিল, ভুয়া ডিপিএম কোটেশন ও নক্সা পরিদর্শন এর সাইড দেখার নামে প্রত্যেক এর কাছ থেকে ৫০,০০০/- টাকা উৎকোচ নিত। প্রতি মাসে সে ২০ টি নক্সা পরিদর্শন করত। এইসব নক্সার ৫ ফিট রাস্তা ১০ ফিট, ১০ ফিট রাস্তা ২০ ফিট, ২০ ফিট রাস্তা ৩০ ফিট দেখিয়ে উচ্চতর ভবন নির্মানে সায় দিত। ফলে পৌরসভার শহর ব্যবস্থা ভেঙ্গে পড়ে, ড্রেনেজ ব্যবস্থা ধংস হয় ও বগুড়াবাসি দুঃখ দূরদশায় পতিত হয়। এই দূর্নীতিবাজ আবার নাকি টাকার জোরে বগুড়া পৌরসভায় বদলীর পায়তারা করতেছে।

অতএব এই দূর্নীতিবাজ উপসহকারী প্রকৌশলী (সিভিল) এর বিরুদ্ধে তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ৩১/৭/২৩
নম্বর ২৮৮০

নিবেদক
Monir Hossain
26.07.23
মোঃ মনির হোসেন
বকসি্ বাজার,
বগুড়া পৌরসভা, বগুড়া।

যুগ্ম-সচিব (নঃউঃ-২) এর দপ্তর
স্মাঃ নং তাং
১ পৌর-১ শাখা
২ পৌর-২ শাখা
যুগ্ম-সচিব
স্থানীয় সরকার বিভাগ

১। যুগ্ম-সচিব (নঃউঃ-১) তারিখ
২। যুগ্ম-সচিব (নঃউ-২)
৩। উপ-সচিব (সিঃক-১/২)
৪। উপ-সচিব (পৌর-১/২)

**দুর্নীতি দমন কমিশন**

সমন্বিত জেলা কার্যালয়, বগুড়া।

[দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ১৯ ধারা দ্রষ্টব্য]

স্মারক নং- দুদক/সজেকা/বগুড়া/ ৭১৬ তারিখ : ২২/০৯/২০২০ খ্রি.

প্রাপক : মেয়র
বগুড়া পৌরসভা, বগুড়া।

বিষয় : অনুসন্ধানের কার্যে সংশ্লিষ্ট কাগজপত্র সরবরাহ।

সূত্র : (ক) দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নং- ০০.০১.১০০০.৬৩৩.০১.১১৩.২০.১৪৩৩৩ তাং-২২/০৭/২০২০ খ্রি.।
(খ) দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার ই/আর নং- তদন্ত-১/১১৩/২০২০/বগুড়া ।

অনুসন্ধানাধীন ব্যক্তি বা ব্যক্তিবর্গের পরিচিতি এবং অভিযোগের সংক্ষিপ্ত বিবরণঃ জনাব আবু জাফর মোঃ রেজা, সহকারী প্রকৌশলী (সিভিল), বগুড়া পৌরসভা, বগুড়ার বিরুদ্ধে প্রকল্পের ভুয়া বিল দেখিয়ে অর্থ আত্মসাত ও জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ।

সূত্রে উল্লিখিত অভিযোগের সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের নামে বগুড়া পৌরসভার আওতায় কোন প্লট, ফ্ল্যাট, ষ্টল, বাণিজ্যিক স্পেস, বাড়ি আছে কি'না, এ বিষয়ে তথ্য সংগ্রহ করে পর্যালোচনা করা একান্ত প্রয়োজন।

অতএব, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের উপরোক্ত তথ্যাদি আগামী ৩০/০৯/২০২০ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট সরবরাহের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল।

| ক্র. | সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গ/রেকর্ডপত্র/ কাগজপত্রের বিবরণ- | মন্তব্য |
|---|---|---|
| ১. | মোঃ নুরুন্নবী (শামীম) (MD. NURUN NABI), পিতা-মৃত হায়দার আলী, পেশা-সার্ভেয়ার, বগুড়া পৌরসভা, ঠিকানা-বকশী বাজার লেন, মালতীনগর, বগুড়া সদর, বগুড়া; জন্ম সন-৩০/০১/১৯৮২, ভোটার আইডি-৭৩৪২৬৯৩০৩৮। | |
| ২. | মোছাঃ আয়েশা সিদ্দিকা রনি (Mst. AIESHA SIDDIKA RONY), পিতা-মোঃ আবু বকর সিদ্দিক, স্বামী-মোঃ নুরুন্নবী (শামীম), ঠিকানা-বকশী বাজার লেন, মালতীনগর, বগুড়া সদর, বগুড়া; জন্ম সন-২২/০৯/১৯৮৯, ভোটার আইডি-৬৮৯২৬১৮১২২। | |
| ৩. | ক) মোঃ আফিক; খ) মোছাঃ নাফিসা তাবাসসুম; গ) মোছাঃ নুসরাত জাহান: সকলের পিতা-মোঃ নুরুন্নবী (শামীম), সকলের মাতা-মোছাঃ আয়েশা সিদ্দিকা রনি, সকলের স্থায়ী ঠিকানা-বকশী বাজার লেন, মালতীনগর, বগুড়া সদর, বগুড়া। | |
| ৪. | হায়দার আলী, পিতা-মৃত সিরাজ মন্ডল, ঠিকানা-কালশীমাটি, আরডিএ সংলগ্ন, শেরপুর, বগুড়া। | |
| ৫. | মোঃ মোজাম্মেল হক, পিতা-মৃত ছায়েন উদ্দিন, ঠিকানা-নারচী, নগরহাট, শাজাহানপুর, বগুড়া। | |

22.09.2020

(সুদীপ কুমার চৌধুরী)
উপ সহকারী পরিচালক
দুর্নীতি দমন কমিশন
সমন্বিত জেলা কার্যালয়, বগুড়া।

স্মারক নং- দুদক/সজেকা/বগুড়া/ তারিখ : ২২/০৯/২০২০ খ্রি.।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১। উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, বগুড়া।
২। অফিস কপি।

(সুদীপ কুমার চৌধুরী)
উপ সহকারী পরিচালক